# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৭৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ সহিষ্ণুতার মাহাত্ম্য

## আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ: إِنَّ رَسُوْلَ اللهِ ﷺ نَزَلَ تَحْتَ شَجَرَةٍ وَاسْتَظَلَّ بِهَا وَعَلَّقَ سَيْفَهُ فَتَفَرَّقَ النَّاسُ فِي الشَّجَرِ يَسْتَظِلُّونَ وَبَيْنَا نَحْنُ كَذٰلِكَ إِذْ دَعَانَا رَسُوْلُ اللهِ ﷺ فَجِئْنَا فَإِذَا أَعْرَابِيٌّ قَاعِدٌ بَيْنَ يَدَيْهِ فَقَالَ إِنَّ هَذَا أَتَانِي وَأَنَا نَائِمٌ فَاخْتَرَطَ سَيْفِي فَاسْتَيْقَظْتُ وَهُوَ قَائِمٌ عَلَى رَأْسِي مُخْتَرِطٌ صَلْتًا قَالَ مَنْ يَمْنَعُكَ مِنِّي قُلْتُ اللهُ فَشَامَهُ ثُمَّ قَعَدَ فَهُوَ هَذَا قَالَ وَلَمْ يُعَاقِبْهُ رَسُوْلُ اللهِ ﷺ

## বাংলা

(৩৪৭৩) জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, এক যুদ্ধ সফরে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্লান্ত-শ্রান্ত হয়ে এক বাবলা গাছে নিজের তরবারি লটকে রেখে বিশ্রাম নিচ্ছিলেন। এমন সময় এক কাফের বেদুঈন এসে সেই তরবারি নিয়ে (তাঁর উপর তুলে ধরে) বলল, ’এখন তোমাকে আমার হাত থেকে কে রক্ষা করবে?’ মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’আল্লাহ।’ এ কথা শোনামাত্র তরবারি তাঁর হাত হতে পড়ে গেল। তিনি তা উঠিয়ে নিয়ে (তার উপর তুলে ধরে) বললেন, এখন তোমাকে আমার হাত হতে কে রক্ষা করবে? বেদুঈন বলল, ’কেউ না।’ অথবা ’আপনি।’

দয়ার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে মাফ ক’রে দিলেন। ফলে সে মুসলিম হয়ে গেল। অন্য বর্ণনা মতে সে মুসলিম হয়নি; কিন্তু অঙ্গীকারবদ্ধ হল যে, সে তাঁর বিরুদ্ধে কোনক্রমেই আর যুদ্ধ করবে না।

## ফুটনোট

(আহমাদ ১৪৩৩৫, বুখারী ৪১৩৯, মুসলিম ১৯৮৬, নাসাঈ, বাইহাক্বী, মিশকাত ৫৩০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67221

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন